তারিখ 28 NOV 1991 পৃষ্ঠা ১ কলাম ২

দৈনিক খবর

407

# ঢাকাবিশ্ববিদ্যালয় ক্যাম্পাস থেকে বোমাসহ ৫ জন গ্রেফতার

।। স্টাফরিপোর্টার।।

ছিনতাইয়ের প্রস্তুতির সময় ঢাকা বিশ্ববিদ্যালয়ের আন্তর্জাতিক ছাত্রাবাসের ক্যান্টিন সংলগ্ন কক্ষ থেকে দুটি বোমাসহ ৫ জনকে গ্রেফতার করা হয়েছে।

গতকাল বুধবার সন্ধ্যায় গোপন সূত্রে খবর পেয়ে পুলিশ আবদুল হক (২২), রজব আলী (২৩), জগদিশ (২৫), শায়েদ আলী (২২) এবং বাবুল (২৭)-কে গ্রেফতার করে। পুলিশের মতে তারা কক্ষটিকে নিরাপদ আশ্রয় হিসেবে ব্যবহার করে পার্শ্ববর্তী কাঁটাবন, নীলক্ষেত ও এলিফ্যান্ট রোড এলাকায় ছিনতাই, চুরি ও অন্যান্য অপরাধমূলক তৎপরতা চালিয়েআসছে।